

এসএসসি ও সমমানের পরীক্ষা: ৫১ শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ ফেল

নিজস্ব বার্তা পরিবেশক

: রোববার, ১২ মে ২০২৪



চলতি বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষায় ২ হাজার ৯৬৮ টি শিক্ষা প্রতিষ্ঠানের শতভাগ শিক্ষার্থী পাস করেছে। এদিকে ৫১ টি শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষার্থীই পাস করেনি।

আজ রবিবার এসএসসি ও সমমান পরীক্ষার প্রাপ্ত ফলাফল থেকে জানা যায় এবার মোট ২০ লাখ ২৪ হাজার ১৯২ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছে। পাস করেছে ১৬ লাখ ৭২ হাজার ১৫৩ জন। সারা দেশের মোট ৩ হাজার ৭৯৯ টি কেন্দ্রে ২৯ হাজার ৮৬১ টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশ নেয়।

২০২৩ সালে দেশের মোট ৩ হাজার ৮১০ টি কেন্দ্রে ২৯ হাজার ৭১৪ টি মোট প্রতিষ্ঠানে এসএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। মোট ২ হাজার ৩৫৪ টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা শতভাগ পাস করেছে। ফেল করা শিক্ষা প্রতিষ্ঠান ছিল ৪৮ টি।